বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড
নির্বাহী প্রকৌশলীর দপ্তর
ময়মনসিংহ পানি উন্নয়ন বিভাগ
বাপাউবো, ময়মনসিংহ।
ফোনঃ ০২৯৯৭৭১০৯০৯
E-mail : eemymensinghbwdb@gmail.com


স্মারক নং-ঠি-১/৫৪ তারিখঃ ১৫-০৭-২০২৬ খ্রিঃ।

# "সীমিত দরপত্র পদ্ধতির (LTM) আওতায় কার্যক্রয় ও পন্য সরবরাহ নেওয়ার লক্ষ্যে ঠিকাদার তালিকাভূক্তি ও নবায়নের বিজ্ঞপ্তি"

এতদ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, ময়মনসিংহ পানি উন্নয়ন বিভাগ, বাপাউবো, ময়মনসিংহ দপ্তরের আওতায় পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা, ২০২৫ এর আলোকে সীমিত দরপত্র পদ্ধতির (LTM) এর আওতায় অনধিক ০৫ (পাঁচ) কোটি টাকা পর্যন্ত অভ্যন্তরীণ কার্য ও ৫০ (পঞ্চাশ) লক্ষ টাকা পর্যন্ত পণ্য সরবরাহের লক্ষ্যে ২০২৬-২৭ অর্থ বছরের জন্য ঠিকাদার/সরবরাহকারী তালিকাভূক্তি ও নবায়ন করা হবে। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, কন্ট্রাক্ট এন্ড প্রকিউরমেন্ট সেল, বাপাউবো, ঢাকার স্মারক নং-৪২.০১.০০০০.০০৫.২২.০০৩.১৫-১৩৪, তারিখঃ-২০/০৭/২০২০ খ্রিঃ মোতাবেক নির্ধারিত আবেদনপত্র (ডকুমেন্ট) ৫০০.০০ (পাঁচশত) টাকার অফেরতযোগ্য ব্যাংক ড্রাফট/পে-অর্ডার উপ-পরিচালক, আঞ্চলিক হিসাব কেন্দ্র (র‍্যাক), বাপাউবো, ময়মনসিংহ এর অনুকূলে প্রদান পূর্বক অত্র দপ্তরের প্রশাসনিক শাখায় দাখিল করতঃ আবেদনপত্র (ডকুমেন্ট) সংগ্রহ করা যাবে। ঠিকাদার তালিকাভূক্তি ও নবায়নের কার্যক্রম সাপ্তাহিক ও সরকারী ছুটির দিন ব্যতীত সকাল ৯.০০ ঘটিকা হতে বিকাল ৪.০০ ঘটিকা পর্যন্ত অব্যাহত থাকবে। নির্ধারিত তারিখ ও সময়ের পর তালিকাভূক্তি ও নবায়নের আবেদন ফরম বিক্রয় ও গ্রহণ করা হবে না।

**ঠিকাদার/সরবরাহকারী তালিকাভূক্তি/নবায়নের আবেদনের তফসিলঃ**

| ক্র. নং | কাজের ধরণ | আবেদনের সময়সীমা |
|---|---|---|
| ১ | ঠিকাদার/সরবরাহকারী তালিকাভূক্তি (কার্য) | ১৯-০৭-২০২৬ খ্রিঃ সকাল ৯.০০ ঘটিকা হতে ৩১-০৮-২০২৬ খ্রিঃ বিকাল ৪.০০ ঘটিকা পর্যন্ত। (সাপ্তাহিক ও সরকারি ছুটির দিন ব্যতীত)। |
| ২ | ঠিকাদার/সরবরাহকারী তালিকাভূক্তি (পণ্য) | |

**নতুন ঠিকাদার/সরবরাহকারী তালিকাভূক্তির জন্য প্রয়োজনীয় নির্দেশাবলী ঃ**

| | |
|---|---|
| আবেদনকারীর যোগ্যতা | (১) হালনাগাদ ট্রেড লাইসেন্স (২) ভ্যাট ও ট্যাক্স সার্টিফিকেট (৩) কার্যক্রয়ের ক্ষেত্রে ২৫ লক্ষ এবং পন্য সরবরাহের ক্ষেত্রে ৩ লক্ষ টাকার স্থিতি সম্বলিত হালনাগাদ ব্যাংক সলভেন্সী সার্টিফিকেট (৪) জাতীয় পরিচয়পত্র (৫) পাসপোর্ট সাইজের ০৩ (তিন) কপি রঙ্গিন ছবি। (৬) প্রতিষ্ঠানের যন্ত্রপাতির তালিকা (৭) প্রতিষ্ঠানের জনবলের তালিকা (৮) ঠিকাদারী প্রতিষ্ঠানের এ্যাফিডেভিট এর কপি। |
| আবেদন ফি | আবেদন ফি ৫০০/- (পাঁচশত) টাকার অফেরতযোগ্য পে-অর্ডার/ব্যাংক ড্রাফট উপ-পরিচালক,আঞ্চলিক হিসাব কেন্দ্র (র‍্যাক), বাপাউবো, ময়মনসিংহ এর বরাবর। |
| তালিকাভূক্তিকরণ ফি | ৫০০০/- (পাঁচহাজার) টাকার সাথে ১৫% ভ্যাট বাবদ ৭৫০/- (সাতশত পঞ্চাশ) টাকা তবে একক মালিকানা প্রতিষ্ঠানের স্বত্বাধিকারী নারী হলে তালিকাভূক্তি ফি ৩০০০/- (তিন হাজার) টাকা ও ১৫% ভ্যাট বাবদ ৪৫০/- (চারশত পঞ্চাশ) টাকা অফেরতযোগ্য পে-অর্ডার/ব্যাংক ড্রাফট উপ-পরিচালক, আঞ্চলিক হিসাব কেন্দ্র (র‍্যাক), বাপাউবো, ময়মনসিংহ এর বরাবর দাখিল করতে হবে। |
| আবেদন পত্র সংগ্রহ ও জমা দেয়ার স্থান | প্রশাসনিক শাখা, অত্র দপ্তর। |

**ঠিকাদার/সরবরাহকারী তালিকাভূক্তি নবায়নের প্রয়োজনীয় নির্দেশাবলী ঃ**

| | |
|---|---|
| আবেদনকারীর যোগ্যতা | (১) হালনাগাদ ট্রেড লাইসেন্স (২) ভ্যাট ও ট্যাক্স সার্টিফিকেট (৩) কার্যক্রয়ের ক্ষেত্রে ২৫ লক্ষ এবং পন্য সরবরাহের ক্ষেত্রে ৩ লক্ষ টাকার স্থিতি সম্বলিত হালনাগাদ ব্যাংক সলভেন্সী সার্টিফিকেট |
| আবেদন ফি | আবেদন ফি ৫০০/- (পাঁচশত) টাকার অফেরতযোগ্য পে-অর্ডার/ব্যাংক ড্রাফট উপ-পরিচালক,আঞ্চলিক হিসাব কেন্দ্র (র‍্যাক), বাপাউবো, ময়মনসিংহ এর বরাবর। |
| নবায়ন ফি | ২০০০/- (দুই হাজার) টাকার সাথে ১৫% ভ্যাট বাবদ ৩০০/- (তিনশত) টাকা তবে একক মালিকানা প্রতিষ্ঠানের স্বত্বাধিকারী নারী হলে ১৫০০/- (এক হাজার পাঁচশত) টাকা ও ১৫% ভ্যাট বাবদ ২২৫/- (দুইশত পঁচিশ) টাকা অফেরতযোগ্য পে-অর্ডার/ব্যাংক ড্রাফট উপ-পরিচালক, আঞ্চলিক হিসাব কেন্দ্র (র‍্যাক), বাপাউবো, ময়মনসিংহ এর বরাবর দাখিল করতে হবে |

উল্লেখ্য যে, (ক) ক্রয়কারী কর্তৃপক্ষ (Procuring Entity) আবেদনকারীদের আবেদন যাচাই বাছাই সাপেক্ষে কোন কারণ দর্শানো ব্যতিরেকে আবেদন গ্রহণ বা বাতিল করার ক্ষমতা সংরক্ষন করেন। (খ) সীমিত দরপত্র পদ্ধতিতে (LTM) টেন্ডারে অংশগ্রহণের জন্য e-gp Registration থাকা আবশ্যক।

১৫/০৭/২০২৬

(শামীম হাসনাইন মাহমুদ)
নির্বাহী প্রকৌশলী (পুর)
আইডি নং- ৯১০৩১৮০০২

স্মারক নংঃ ঠ-১/৫৪(১০) তারিখঃ ১৫-০৭-২০২৬ খ্রিঃ।

অনুলিপি আপনার সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য প্রেরণ করা হলোঃ-

১। প্রধান প্রকৌলী, কেন্দ্রীয় অঞ্চল, বাপাউবো, ঢাকা।

২। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, ময়মনসিংহ পানি উন্নয়ন সার্কেল, বাপাউবো, ময়মনসিংহ।

৩। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, কন্ট্রাক্ট এন্ড প্রকিউরমেন্ট সেল, পানি ভবন, লেভেল-৬ (৭ম তলা),৭২ গ্রীন রোড, বাপাউবো, ঢাকা।

৪। পরিচালক, জনসংযোগ পরিদপ্তর, পানি ভবন, লেভেল-৯ (১০ম তলা), ৭২ গ্রীন রোড, বাপাউবো, ঢাকা। অত্র সাথে সংযুক্ত বিজ্ঞপ্তিটি বহুল প্রচারিত ১টি বাংলা ও ১টি ইংরেজী দৈনিক সংবাদপত্রে প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য অনুরোধ করা হলো।

৫। সিনিয়র সিস্টেম এনালিস্ট, কেন্দ্রীয় আইসিটি পরিদপ্তর, পানি ভবন-৭২ গ্রীণ রোড, বাপাউবো, ঢাকা। (বিজ্ঞপ্তিটি বাপাউবোর ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)

৬। উপ-বিভাগীয় প্রকৌশলী, ময়মনসিংহ/গফরগাঁও/হালুয়াঘাট পানি উন্নয়ন উপ-বিভাগ, বাপাউবো, ময়মনসিংহ।

৭। সিনিয়র সহকারী পরিচালক (অহিনি), আঞ্চলিক হিসাব কেন্দ্র, বাপাউবো, ময়মনসিংহ।

৮। উচ্চমান সহকারী, অত্র দপ্তর। তাকে ঠিকাদার/সরবরাহকারী তালিকাভূক্তি ও নবায়নের আবেদন ফরম বিক্রয় এবং জমাকৃত আবেদন গ্রহন পূর্বক ঠিকাদার/সরবরাহকারীগণের তালিকাভূক্তি/নবায়ন করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য নির্দেশ প্রদান করা হলো।

৯। নোটিশ বোর্ড, অত্র দপ্তর।

১০। অফিস কপি, অত্র দপ্তর।

১৫/০৭/২০২৬

নির্বাহী প্রকৌশলী